যুগান্তর

তারিখ: 28 MAR 2015
পৃষ্ঠা: ১৫ কলাম: ২

# বাবুগঞ্জ ও লালপুরে জাতীয় ছাত্রসমাজের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

যুগান্তর ডেস্ক

বিভিন্ন আয়োজনে বাবুগঞ্জ ও লালপুরে জাতীয় ছাত্রসমাজের ৩২তম প্রতিষ্ঠাবার্ষিকী শুক্রবার পালিত হয়েছে। যুগান্তর প্রতিনিধিদের পাঠানো খবর—

**বাবুগঞ্জ (বরিশাল) :** বর্ণাঢ্য আয়োজনের মধ্যে দিয়ে পালিত হয়েছে বাবুগঞ্জ উপজেলার আগরপুর ইউনিয়ন ছাত্র সমাজের ৩২তম প্রতিষ্ঠাবার্ষিকী। দিনটি উপলক্ষে শুক্রবার সকালে বেলুন ও পায়রা উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন বরিশাল জেলা ছাত্র সমাজের যুগ্ম-আহ্বায়ক হাদিছুর রহমান। এরপর ছাত্র সমাজের একটি শোভাযাত্রা বের করা হয়। দিদারুল ইসলামের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন উপজেলা জাতীয় পার্টির সমন্বয়কারী মো. মুকিতুর রহমান কিসলু। বক্তব্য রাখেন, জেলা ছাত্র সমাজের যুগ্ম-আহ্বায়ক তানিন হোসেন, ইউপি সদস্য হাসানাত খান তরুণ, আনিচুর রহমান হিমু, গিয়াস উদ্দিন, শহিদ খান, সোহাগ হোসেন, দিনার মিয়া, মোকলেচুর রহমান প্রমুখ।

**লালপুর :** নানা আয়োজনে লালপুরে জাতীয় ছাত্র সমাজের ৩২তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়েছে। সকালে উপজেলা সাধারণ সম্পাদক সালমান হোসাইনের বাস ভবনে কেক কাটা হয়। আলোচনা সভায় লালপুর উপজেলা ছাত্র সমাজের সাংগঠনিক সম্পাদক হাসান তারেকের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জেলা জাতীয় পার্টির সহ-সভাপতি অধ্যাপক সাহীন ইসলাম। প্রধান বক্তা ছিলেন উপজেলা ছাত্র সমাজের সাধারণ সম্পাদক সালমান হোসাইন. বিশেষ অতিথি ছিলেন উপজেলা জাপার সাংগঠনিক সম্পাদক আনিছুর রহমান বাবু খাঁ। উপস্থিত ছিলেন এনামুল হক, সরিফ আহমেদ, কাইদুল ইসলাম, সাগর হোসেন, কামরুল ইসলাম, রতন আলী, গাওছেল আহমেদ, মাসুম বিল্লাহ, আরাফাত আলী জিন্নাহ, আশরাফুল ইসলাম, সাহীনুর রহমান, রনি আহমেদ, মিঠু আলী ও রাকিবুল ইসলাম রনি প্রমুখ।